গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www.kaliganj.lalmonirhat.gov.bd

## কালীগঞ্জ উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভা নম্বর | ঃ | ০৫ |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৪/১১/২০২৪, সকাল ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন। |
| সভাপতি | ঃ | সিফাত আনোয়ার তুম্পা, প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সদস্যবৃন্দের উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' (উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা)। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর বিভাগ ভিত্তিক আলোচনা করার অনুরোধ জানানো হয় এবং নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **প্রশাসক, উপজেলা পরিষদ**<br>উপজেলা পরিষদ মাসিক সভার প্রস্তাবনা নিয়ে সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। প্রশাসক হিসাবে উপজেলা পরিষদের সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ও কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.১ প্রশাসক হিসেবে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ২.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। আন্তঃবিভাগের সমন্বয়ের প্রয়োজন রয়েছে এমন কার্যক্রমকে সভায় অবশ্যই উপস্থাপন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান রয়েছে। | ৩.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, চলতি ২০২৪-২৫ অর্থবছরে বোরো হাইব্রিড ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫৫৮০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের সার ও বীজ বিতরণ করা হবে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ৪.১ চলতি ২০২৪-২৫ অর্থবছরে বোরো হাইব্রিড ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫৫৮০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সুষ্ঠুভাবে রোপা আমন ধানের সার ও বীজ বিতরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। আন্তঃবিভাগের সমন্বয়ের প্রয়োজন রয়েছে এমন কার্যক্রমকে সভায় অবশ্যই উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় বলেন, প্রাণি স্বাস্থ্য সুরক্ষায় ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতা কার্যক্রম অব্যাহত রয়েছে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ৫.১ প্রাণি স্বাস্থ্য সুরক্ষায় ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতা কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে ছাগল ও ভেড়াকে টিকা দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ৬.১ নির্ধারিত তারিখ ও সময়ে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | **উপজেলা প্রকৌশলীর দপ্তর**<br>উপজেলা প্রকৌশলী সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। তিনি জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের তুষভান্ডার ইউনিয়নের বৈরাতী মৌজায় মহুবারের বাড়ীর পার্শ্বে কালভার্ট নির্মাণ প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকার প্রকল্পটি পরিবর্তন করে দুল্যার বাজার চওড়াটারী আরএনজিপিএস সড়কে কালভার্ট নির্মাণের নিমিত্ত প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। | ৬.১ উপজেলা প্রকৌশলীর উপস্থাপনকৃত প্রকল্পটি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, উক্ত স্থানে বর্তমানে একটি কাঠের ব্রীজ রয়েছে যেটি যথেষ্ট মজবুত।এছাড়াও দুইপাশের রাস্তার সাথে মূল সড়কের সংযোগ রয়েছে। সর্বোপরি ২০২১-২২ অর্থবছরে যার বিপরীতে অদ্যাবধি কোন বরাদ্দ হয়নি। সে প্রকল্প বাস্তবায়ন আপাতত জরুরী নয় মর্মে সভায় আলোচনা হয়। গত ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে অর্থ সংকুলানের কারণে তা বাস্তবায়ন করা সম্ভব নয় মর্মে বিস্তারিত আলোচনা করেন। সকল সদস্যগণ একমত পোষণ করলে উক্ত প্রকল্পটি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উক্ত প্রকল্পের অনুকূলে ঠিকাদারকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় পারফর্মেন্স সিকিউরিটি বাবদ অর্থ ফেরত প্রদানের জন্য সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। এছাড়া তিনি তালুক শাখাতী নদী ভাঙ্গাটারী সরকারি প্রাথমিক বিদ্যালয়টির নতুন ওয়াশব্লক নির্মাণের কাজ শীঘ্রই শুরু হবে মর্মে সভায় জানান। | ৮.১ তালুক শাখাতী নদী ভাঙ্গাটারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ওয়াশব্লক নির্মাণের কাজ নিয়মিত তদারকীসহ গুণগতমান নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ-কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ৯.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন, তার ভবনের বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ার কারণে ব্যবহারের অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে বারান্দা মেরামত করা প্রয়োজন মর্মে সভায় জানান। | ১০.১ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ার কারণে ব্যবহারের অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে তা মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৯.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের আওতায় সমিতি/দল/উদ্যোক্তা পর্যায়ে চলতি অর্থবছরে ৩০,২৮,০০০/- (ত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকার ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় ও তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ১১.১ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় তার দপ্তরের আওতায় সমিতি/দল/উদ্যোক্তা পর্যায়ে চলতি অর্থবছরে বিতরণকৃত ঋণ সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা সমাজসেবা দপ্তর**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন সমাজসেবা অধিদপ্তর হতে ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থদ্বারা গৃহ প্রতি ২,৮৪,৫০০/- (দুই লক্ষ চুরাশি হাজার পাঁচশত) টাকা ব্যয় করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। কিন্তু বর্তমান ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গৃহপ্রতি নির্মাণের জন্য ৩,৪,৫০০/- (তিন লক্ষ চার হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে মর্মে উক্ত বরাদ্দকৃত টাকা দিয়ে গৃহ নির্মাণ করা সম্ভব নয় মর্মে সভায় জানান। | ১২.১ সমাজসেবা অধিদপ্তর হতে ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের লক্ষ্যে বর্তমান ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গৃহ নির্মাণের জন্য গৃহপ্রতি ৩,০৪,৫০০/- (তিন লক্ষ চার হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে মর্মে উপজেলা সমাজসেবা অফিসার-কে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১২.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | সমাজসেবা কর্মকর্তা ও চেয়ারম্যান সকল |
| ১৩ | **উপজেলা ত্রাণ শাখা**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সর্ম্পকে অবহিত হওয়া যায়নি। | ১৩.১ নির্ধারিত তারিখ ও সময়ে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৪ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। এছাড়া ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। | ১৪.১ উপজেলা সমবায় কর্মকর্তাকে নিয়মিত ঋণ আদায় কার্যক্রম মনিটরিং এর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। এছাড়া ঋণ আদায় হার ১০০%। | ১৫.১ নিয়মিত ঋণ আদায় কার্যক্রম মনিটরিং এর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ১৬.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। আন্তঃবিভাগের সমন্বয়ের প্রয়োজন রয়েছে এমন কার্যক্রমকে সভায় অবশ্যই উপস্থাপন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালীগঞ্জ |
| ১৭ | **বনবিভাগ**<br>ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সর্ম্পকে অবহিত হওয়া যায়নি। | ১৭.১ নির্ধারিত তারিখ ও সময়ে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র |
| ১৮ | **চেয়ারম্যান, ভোটমারী ইউপি**<br>চেয়ারম্যান, ভোটমারী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ভোটমারী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের শ্রুতিধর মৌজার ডিসি রোড হতে চৌধুরীর হাট যাওয়ার রাস্তাটি চলাচলের অনুপযোগী হওয়ায় প্রায়ঃসময়ই দূর্ঘটনার স্বীকার হওয়ায় জরুরী ভিত্তিতে রাস্তাটি সংস্কার করার জন্য অনুরোধ জানান। | ১৮.১ উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে ভোটমারী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের শ্রুতিধর মৌজার ডিসি রোড হতে চৌধুরীর হাট যাওয়ার রাস্তাটি সরেজমিনে পরিদর্শনপূর্বক সংস্কারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **চেয়ারম্যান, মদাতী ইউপি**<br>চেয়ারম্যান, মদাতী ইউনিয়ন পরিষদ সভায় ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি'র আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | ১৯.১ চেয়ারম্যান, মদাতী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ |
| ২০ | **চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি**<br>চেয়ারম্যান, তুষভান্ডার ইউনিয়ন পরিষদ সভায় বলেন, তুষভান্ডার দৈনিক বাজারের একটি উন্নতমানের কসাইখানা নির্মাণ এবং কাঁচা বাজারের গলিতে ড্রেন সংস্কার করা একান্ত প্রয়োজন মর্মে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ২০.১ তুষভান্ডার দৈনিক বাজারে একটি উন্নতমানের কসাইখানা নির্মাণ এবং কাঁচা বাজারের গলিতে ড্রেন সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ |
| ২২ | **চেয়ারম্যান, দলগ্রাম ইউপি**<br>চেয়ারম্যান, দলগ্রাম ইউনিয়ন পরিষদ সভায় বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। তিনি আরও বলেন, তার ইউনিয়নে বাউন্ডারী ওয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২২.১ উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ-কে দলগ্রাম ইউনিয়নের বাউন্ডারী ওয়াল নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দলগ্রাম ইউপি, উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ |
| ২৩ | **চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি**<br>চেয়ারম্যান, চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন, তার ইউনিয়নে চাপারহাট-বাজারটি উপজেলার মধ্যে সবেচেয়ে বড় এবং সর্বোচ্চ ইজারা প্রদানকারী একটি হাট। তাই তিনি উক্ত হাটের ড্রেন, রাস্তা ও শেড ঘর জরুরী ভিত্তিতে হাট-বাজারের ইজারালব্ধ আয় হতে সংস্কারের নিমিত্ত প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান। | ২৩.১ চেয়ারম্যান, চন্দ্রপুর ইউনিয়ন পরিষদের প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে সরেজমিনে পরিদর্শন করে বিধি মোতাবেক হাট-বাজারের ইজারালব্ধ আয় হতে চাপারহাট-বাজারের ড্রেন, রাস্তা ও শেড ঘর সংস্কারের জন্য প্রকল্প গ্রহণপূর্বক উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ |
| ২৪ | **বিবিধ**<br>২৪.১ উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত এডিপি ও উন্নয়ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে প্রকল্প গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে উপজেলা পরিষদের নীতিমালা অনুযায়ী বেশ কিছু প্রকল্প নিয়ম বর্হিভূতভাবে গ্রহণ করা হয়েছে। যা বাতিলপূর্বক নতুন প্রকল্প গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন। সেইসাথে সকল ইউপি চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান এবং বিভিন্ন দপ্তর হতে প্রকল্প তালিকা প্রেরণের জন্য বিস্তারিত আলোচনা করেন।<br>২৪.২ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তিন শূন্যের পৃথিবী গঠনের লক্ষ্যে মাঠ পর্যায়ে বিকল্প ক্ষতিকর প্লাস্টিক ব্যবহারে পরিচিতকরণের জন্য পাটের ব্যাগ/সোনালী ব্যাগ বিতরণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- টাকার প্রকল্প (বাস্তবায়নে-পিআইসি) গ্রহণ করা প্রয়োজন মর্মে উপস্থাপন করেন।<br>২৪.৩ উপজেলা পরিষদ ভবনের ছাদ মেরামতের কাজে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ করা প্রয়োজন।<br>২৪.৪ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আইপিএস এর ব্যাটারী ক্রয় এবং আইপিএস মেরামত কাজে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ করা প্রয়োজন।<br>২৪.৫ উপজেলা পরিষদ কার্যালয়ের ওয়াশরুম মেরামত কাজে ২৪,৯৪৫/- (চব্বিশ হাজার নয়শত পঁয়তাল্লিশ) টাকা পরিশোধ করা প্রয়োজন। | ২৪.১. সকল ইউপি চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদের নীতিমালা অনুযায়ী পুনরায় প্রকল্প তালিকা দাখিলের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২৪.২ তিন শূন্যের পৃথিবী গঠনের প্রায়:শে মাঠ পর্যায়ে পদক্ষেপ গ্রহণে ক্ষতিকর প্লাস্টিক ব্যবহারে পরিচিতকরণের জন্য পাটের ব্যাগ/সোনালী ব্যাগ বিতরণের লক্ষ্যে ২,০০,০০০/- টাকার প্রকল্প গ্রহণপূর্বক (বাস্তবায়নে-পিআইসি) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২৪.৩ উপজেলা পরিষদ ভবনের ছাদ মেরামতের ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২৪.৪ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আইপিএস এর ব্যাটারী ক্রয় এবং আইপিএস মেরামতের ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২৪.৫ উপজেলা পরিষদ কার্যালয়ের ওয়াশরুম মেরামতের ২৪,৯৪৫/- (চব্বিশ হাজার নয়শত পঁয়তাল্লিশ) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২৪.৬ উপজেলা পরিষদে ব্যবহারের জন্য ফ্রোকারিজ ক্রয় কাজে ১৯,৭৭০/- (উনিশ হাজার সাতশত সত্তর) টাকা পরিশোধ করা প্রয়োজন।<br>২৪.৭ উপজেলা পরিষদ ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সার্চ লাইট ক্রয় কাজের ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ করা প্রয়োজন।<br>২৪.৮ উপজেলা শিল্পকলা একাডেমী ও অফিসার্স ক্লাবের জন্য খেলাধুলা সামগ্রী ও সাংস্কৃতিক যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্ত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ করা প্রয়োজন। | ২৪.৬ উপজেলা পরিষদে ব্যবহারের জন্য ফ্রোকারিজ ক্রয় কাজে ১৯,৭৭০/- (উনিশ হাজার সাতশত সত্তর) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২৪.৭ উপজেলা পরিষদ ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সার্চ লাইট ক্রয় কাজের ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২৪.৮ উপজেলা শিল্পকলা একাডেমী ও অফিসার্স ক্লাবের জন্য খেলাধুলা সামগ্রী ও সাংস্কৃতিক যন্ত্রাংশ ক্রয়ের ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

১৪/১১/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।
মোবাইলনং-০১৭৩৩৩০০২১৩।

স্মারক নম্বর:- ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২৪-৭১৮

তারিখ: ২৯ কার্তিক ১৪৩১ / ১৪ নভেম্বর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৬। উপজেলা ------------------------------------------------------------------------ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান -------------------------------------------- (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।

১৪/১১/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।



CamScanner

**পরিশিষ্ট ‘ক’**

**নভেম্বর-২০২৪ মাসের উপস্থিত/অনুপস্থিততালিকা**

**উপস্থিত সদস্যদের তালিকা**

| জনপ্রতিনিধি/গণ্যমান্যব্যাক্তি | | | কর্মকর্তা | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃনং | নাম/পদবী | হাজিরা | ক্রঃনং | নাম/পদবী | হাজিরা |
| ১. | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ১. | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ২. | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৩. | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৪. | চেয়ারম্যান, দলগ্রাম ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৪. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৫. | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৫. | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৬. | প্যানেল চেয়ারম্যান, গোড়ল ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৬. | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৭. | প্যানেল চেয়ারম্যান, চলবলা ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৭. | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৮. | প্যানেল চেয়ারম্যান,কাকিনা ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৮. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১০. | উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১২. | উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১৪. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |

**অনুপস্থিতসদস্যদেরতালিকা**

| জনপ্রতিনিধি/গণ্যমান্যব্যাক্তি | | | কর্মকর্তা | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | নাম/পদবী | হাজিরা | ক্রঃনং | নাম/পদবী | হাজিরা |
| | | | ১. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | অনুপস্থিত |
| | | | ২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | অনুপস্থিত |
| | | | ৩. | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ। | অনুপস্থিত |

Shimpa ১৪/১১/২৪

উপজেলানির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।



CamScanner